



# ইসলামিক ফাউন্ডেশন

## ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা ১২০৭

### জাতীয় সীরাত প্রতিযোগিতা ২০২৬

সর্বকালের সর্বশ্রেষ্ঠ মহামানব, বিশ্ব মানবতার মুক্তির দিশারী হযরত মুহাম্মদ (সা) এর জীবনী সম্পর্কে জানার জন্য ইসলামিক ফাউন্ডেশন এ বছর দ্বিতীয়বারের মতো দেশব্যাপী আয়োজন করতে যাচ্ছে সীরাত প্রতিযোগিতা। এ প্রতিযোগিতা জেলা পর্যায়ে থেকে শুরু হবে। জেলা পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ বিভাগীয় পর্যায়ে এবং বিভাগীয় পর্যায়ে বিজয়ী প্রতিযোগীগণ জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। উক্ত প্রতিযোগিতায় নিম্নরূপ শর্তে বাংলাদেশী স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং সমমানের কওমি ও আলিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে:

#### প্রতিযোগিতার গুণ

ক্রম	গুণ	বিবরণ	বয়সসীমা
১	ক	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত স্কুল ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৫ বছর
২	খ	৯ম থেকে ১২শ শ্রেণি পর্যন্ত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ১৯ বছর
৩	গ	বিশ্ববিদ্যালয় পর্যায়ের সাধারণ শিক্ষা ও মাদ্রাসার শিক্ষার্থী	অনুর্ধ্ব ২৭ বছর

#### গুণভিত্তিক নির্বাচিত সীরাত গ্রন্থ

গুণ	বইয়ের নাম	মূল লেখক
ক	সীরাতে খাতামুল আশিয়া নবীয়ে রহমত	মুফতী মুহাম্মদ শফী (রহ) সাইয়েদ আবুল হাসান আলী নভদী
খ	সীরাতুল মুত্তাফা ১ম-৩য় খণ্ড আর রাহীকুল মাখতুম	আল্লামা ইদরীস কানকলভী আল্লামা সফিউর রহমান মোবারকপুরী
গ	সীরাতুলনবী ১ম-৪র্থ খণ্ড সীরাত বিশ্বকোষ ৪র্থ-৬ষ্ঠ খণ্ড	আবু মুহাম্মদ আব্দুল মালেক ইবনে হিশাম ইবনে আইয়ুব ইসলামিক ফাউন্ডেশন

#### প্রতিযোগিতার বাস্তবায়নের সময়সীমা কর্মপরিকল্পনা


ক্রম	প্রতিযোগিতার স্থান	প্রতিযোগিতার সময়
১	প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নিবন্ধন	৫-৩০ এপ্রিল ২০২৬
২	৬৪ জেলা পর্যায়ের প্রতিযোগিতা	১-১৫ মে ২০২৬
৩	৮টি বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা	১৬-২৫ মে ২০২৬
৪	জাতীয়ভাবে চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা	১৬-৩০ জুন ২০২৬ (সম্ভাব্য)

#### জাতীয় পর্যায়ে পুরস্কারের মূল্যমান

ক্রম	পুরস্কারের ক্রম	পুরস্কারের সংখ্যা	পুরস্কারের মূল্যমান
১	১ম পুরস্কার	৩টি	৫০ হাজার টাকা, ফ্রেস্ট ও সনদপত্র
২	২য় পুরস্কার	৩টি	৪৫ হাজার টাকা, ফ্রেস্ট ও সনদপত্র
৩	৩য় পুরস্কার	৩টি	৪০ হাজার টাকা, ফ্রেস্ট ও সনদপত্র

#### নিয়মাবলী

- প্রতিযোগিতায় অংশগ্রহণেছু শিক্ষার্থীদের ৩০ এপ্রিল ২০২৬ তারিখের মধ্যে ইসলামিক ফাউন্ডেশনের সংশ্লিষ্ট জেলা কার্যালয়ে নাম নিবন্ধন করতে হবে।
- জেলা পর্যায়ে নির্বাচনী পরীক্ষা সারাদেশে একযোগে একইদিনে অনুষ্ঠিত হবে। ওইদিনই পরীক্ষা ফলাফল প্রকাশ ও বিজয়ী প্রতিযোগীদের নাম ঘোষণা করা হবে।
- পরীক্ষার প্রশ্ন এক কথায় প্রকাশ, এমসিকিউ ও সংক্ষিপ্তাকারে হবে।
- জাতীয় পর্যায়ে ব্যতীত জেলা ও বিভাগীয় পর্যায়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো যাতায়াত ভাতা প্রদান করা হবে না।
- নির্বাচনী পরীক্ষায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
মোঃ মহিউদ্দিন

পরিচালক

সমন্বয় বিভাগ

ফোন: ০২২২২২১৮২৮১